

# প্রতিরক্ষা-বাহিনীসমূহের প্রধানদের (নিয়োগ, বেতন, ভাতা এবং অন্যান্য সুবিধা) আইন, ২০১৮

( ২০১৮ সনের ১৩ নং আইন )

প্রতিরক্ষা বাহিনীসমূহের প্রধানদের নিয়োগ, বেতন, ভাতা এবং আনুষঙ্গিক বিষয়াদি নির্ধারণের জন্য  
বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৬২ (১) (গ) এর নির্দেশনার আলোকে  
প্রতিরক্ষা বাহিনীসমূহের প্রধানদের নিয়োগ, বেতন, ভাতা এবং আনুষঙ্গিক বিষয়াদি নির্ধারণের জন্য  
বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

**সংক্ষিপ্ত  
শিরোনাম ও  
প্রবর্তন**

১। (১) এই আইন প্রতিরক্ষা-বাহিনীসমূহের প্রধানদের (নিয়োগ, বেতন, ভাতা এবং  
অন্যান্য সুবিধা) আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “কমিশন্ড অফিসার” অর্থ Army Act, 1952 (Act No. XXXIX of 1952) এর  
Section 8(12), Navy Ordinance, 1961 (Ordinance No. XXXV of 1961) এর  
Section 4(xxvii) এবং Air Force Act, 1953 (Act No. VI of 1953) এর Section  
4(xxiv) এ সংজ্ঞায়িত officer;

(খ) “নির্ধারিত” অর্থ বিধি দ্বারা নির্ধারিত, অথবা অনুরূপ বিধি প্রণীত না হওয়া পর্যন্ত  
সরকার কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা নির্ধারিত, এবং উক্ত উদ্দেশ্যে  
প্রতিরক্ষা বাহিনীর জন্য প্রযোজ্য যৌথ বাহিনী নির্দেশাবলী, আদেশ, প্রবিধান বা  
অন্য কোনো বিধি-বিধানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(গ) “প্রতিরক্ষা বাহিনী” অর্থ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনী;

(ঘ) “প্রতিরক্ষা-বাহিনীসমূহের প্রধান” বা “বাহিনী প্রধান” অর্থ প্রতিরক্ষা-  
বাহিনীসমূহের যে কোনো একটি বাহিনী প্রধান;

(ঙ) “বাহিনী” অর্থ প্রতিরক্ষা-বাহিনীসমূহের যে কোনো একটি বাহিনী; এবং

(চ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি।

## আইনের প্রাধান্য

৩। আপাতত বলবৎ অন্য কোনো আইন, বিধি, প্রবিধান, উপ-আইন, আইনের ক্ষমতাসম্পন্ন অন্য কোনো দলিল, আদেশ, নির্দেশ, চুক্তি বা চাকরির শর্তাদিতে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।

## বাহিনী প্রধান পদে নিয়োগদান ও মেয়াদ

৪। (১) রাষ্ট্রপতি, সংশ্লিষ্ট বাহিনীর কমিশন্ড অফিসারগণের মধ্য হইতে বাহিনী প্রধান পদে নিয়োগদান করিবেন।

(২) উপ-ধারা (৩) এর বিধান সাপেক্ষে, বাহিনী প্রধানের নিয়োগের মেয়াদ হইবে, একসঙ্গে বা বর্ধিতকরণসহ, নিয়োগ প্রদানের তারিখ হইতে অনূর্ধ্ব ৪ (চার) বৎসর।

(৩) রাষ্ট্রপতি, জনস্বার্থে, বাহিনী প্রধানের নিয়োগের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে তাহাকে অবসর প্রদান করিতে পারিবেন।

## বাহিনী প্রধান পদের বেতন

৫। প্রতি মাসে বাহিনী প্রধানের বেতন হইবে ৮৬,০০০ (ছিয়াশি হাজার) টাকা।

## বাহিনী প্রধান পদের অন্যান্য বেতন উপাদান ও ভাতাদি

৬। বাহিনী প্রধান, উক্ত পদে বহাল থাকাকালীন, ধারা ৫ এ উল্লিখিত বেতন ছাড়াও বাহিনী প্রধান ও একজন কমিশন্ড অফিসার হিসাবে, পদবি ও প্রযোজ্যতা অনুযায়ী, নির্ধারিত পদ্ধতি ও হারে, অন্যান্য বেতন উপাদান ও ভাতাদি প্রাপ্য হইবেন।

## বাহিনী প্রধান পদের অন্যান্য সুবিধা

৭। বাহিনী প্রধান, উক্ত পদে বহাল থাকাকালীন, নির্ধারিত পদ্ধতি ও হারে, প্রযোজ্য অন্যান্য সুবিধা প্রাপ্য হইবেন।

## বাহিনী প্রধানের অবসর

৮। বাহিনী প্রধান, উক্ত পদে নিয়োগপ্রাপ্ত হইবার পর নিয়োগের মেয়াদ উত্তীর্ণ হইবার দিন হইতে নির্ধারিত পদ্ধতিতে অবসর প্রস্তুতিমূলক ছুটিতে (Leave Preparatory to Retirement) গমন করিবেন এবং উক্তরূপ ছুটির মেয়াদ শেষে তিনি অবসরপ্রাপ্ত হইবেন।

## বাহিনী প্রধানের স্বেচ্ছা অবসর

৯। (১) কোনো বাহিনী প্রধান স্বেচ্ছায় অবসর গ্রহণ করিতে ইচ্ছা করিলে, অবসর গ্রহণের অভিপ্রায়, নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত করিয়া যে কোনো সময় স্বেচ্ছা অবসর গ্রহণ করিতে পারিবেন।

(২) এই ধারার অধীন স্বেচ্ছায় অবসর গ্রহণ করিবার অভিপ্রায়, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত এবং এতদসংক্রান্ত আদেশ জারি হইবার তারিখে কার্যকর